**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা**
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫২২.১২৫.২৬.২০১৯.৮১

তারিখ: ১২ ভাদ্র ১৪২৬ / ২৭ আগস্ট ২০১৯

**পরিপত্র**

**বিষয়: কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান ও সমন্বয় সাধনের লক্ষ্যে সমগ্র বাংলাদেশে জেলা পর্যায়ে কেস কো- অর্ডিনেশন কমিটি গঠন।**

ফৌজদারি মামলায় দীর্ঘদিন আটক কারাবন্দিদের দ্রুত বিচার নিষ্পত্তির নিমিত্তে তাদের আইনগত সহায়তা প্রদান ও জেলা পর্যায়ে ফৌজদারি বিচার ব্যবস্থার সংশ্লিষ্ট সকল বিভাগের কাজের সমন্বয় সাধনের লক্ষ্যে নিম্নোক্ত কেস কো-অর্ডিনেশন কমিটি (সিসিসি) গঠন করা হলো:

**১.১) কেস কো-অর্ডিনেশন কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ১। | বিজ্ঞ জেলা ও দায়রা জজ | যুগ্ম-সভাপতি |
| ২। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট | যুগ্ম-সভাপতি |
| ৩। | বিজ্ঞ মহানগর দায়রা জজ (মহানগর এলাকায়) | সদস্য |
| ৪। | বিজ্ঞ বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল (একের অধিক হলে জ্যেষ্ঠ বিচারক) | সদস্য |
| ৫। | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (মহানগর এলাকায়) | সদস্য |
| ৬। | চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | সদস্য |
| ৭। | পরিচালক, সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল | সদস্য |
| ৮। | রিজিওনাল কমান্ডার/সেক্টর কমান্ডার, বিজিবি | সদস্য |
| ৯। | পুলিশ সুপার | সদস্য |
| ১০। | একজন ডেপুটি পুলিশ কমিশনার (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত) (মহানগর এলাকায়) | সদস্য |
| ১১। | ডিসি প্রসিকিউশন (মহানগর এলাকায়) | সদস্য |
| ১২। | সিভিল সার্জন | সদস্য |
| ১৩। | উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ (ডিডিএলজি) | সদস্য |
| ১৪। | জেলা লিগ্যাল এইড অফিসার | সদস্য |
| ১৫। | সভাপতি, জেলা আইনজীবী সমিতি | সদস্য |
| ১৬। | বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর | সদস্য |
| ১৭। | বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, মহানগর দায়রা জজ আদালত (মহানগর এলাকায়) | সদস্য |
| ১৮। | বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল | সদস্য |
| ১৯। | উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সদস্য |
| ২০। | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ২১। | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২২। | জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি | সদস্য |
| ২৩। | প্রতিনিধি, কমিউনিটি পুলিশ ফোরাম | সদস্য |
| ২৪। | সিনিয়র জেলসুপার/জেলসুপার | সদস্য |
| ২৫। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | সদস্য-সচিব |

১.২) কমিটির কার্যপরিধি:

ক) বিজ্ঞ জেলা ও দায়রা জজ এবং বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট উক্ত কমিটিতে যুগ্মভাবে সভাপতির দায়িত্ব পালন করবেন এবং প্রতি মাসে পর্যায়ক্রমে নিজ দপ্তরে সভা আয়োজন করবেন;

খ) ফৌজদারি বিচার ব্যবস্থায় স্থানীয় সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং সেই আলোকে স্থানীয়ভাবে তার সমাধানের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ;

গ) দীর্ঘমেয়াদি পেন্ডিং মামলাসমূহ পর্যালোচনাপূর্বক দ্রুত নিষ্পত্তিতে যথাযথ সহযোগিতা প্রদান;

ঘ) মামলা নিষ্পত্তির অগ্রগতি ত্বরান্বিত করা;

ঙ) ফৌজদারি বিচার ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট সকল সংস্থার কার্যকর সমন্বয় সাধন;

চ) বিনা বিচারে দীর্ঘদিন আটক কারাবন্দিদের আইনের আলোকে মুক্তির লক্ষ্যে আইনানুগ পদক্ষেপ গ্রহণ;

ছ) কারাগারসমূহের ব্যবস্থাপনা মূল্যায়ন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

জ) সংশ্লিষ্ট কারাবন্দিদের স্বাস্থ্যের বিভিন্ন বিষয়ে তার পরিবারের নিকট খবরাখবর পৌছানো এবং প্রয়োজনে ভিডিও কলের মাধ্যমে তাদের সঙ্গে যোগসূত্র স্থাপন;

ঝ) কারাবন্দিদের জেল হতে মুক্তির পর পরিবারে ও সমাজে সম্পৃক্তকরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকির ব্যবস্থাকরণ;

ঞ) পুনর্বাসন এর মাধ্যমে সমাজে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে কারাবন্দিদের প্রশিক্ষণের ব্যবস্থা করা;

ট) কারাবন্দিদের জীবনমুখী কর্মসংস্থান সৃষ্টির ব্যবস্থা করা এবং প্রয়োজনে আর্থিক ঋণের ব্যবস্থা করা;

ঠ) জামিনে মুক্ত আসামি যেন ঐ একই অপরাধে পুনরায় জড়িয়ে না পড়ে সেজন্য তাদের পেশার প্রতি নজরদারি ও তদারকি বৃদ্ধি করাসহ সমাজের সকল মহলের সহযোগিতা বৃদ্ধি করা;

ড) মাদকের প্রতি আসক্তি প্রতিরোধে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনা করা;

ঢ) ভাল ব্যবহারের প্রতি আর্কষণীয় করে তোলা, নৈতিকতা ও মূল্যবোধ সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরনের সচেতনতামূলক কার্যক্রমে সম্পৃক্ত করা;

ণ) কারাবন্দিদের নৈতিকতা ও মূল্যবোধ সর্ম্পকে ধারণা প্রদানের মাধ্যমে আত্মমর্যাদা বৃদ্ধি ও আত্মবিশ্বাসী করে গড়ে তুলে তাকে সমাজে পুন:প্রতিষ্ঠিত করার জন্য বিভিন্ন উপায় গ্রহণ;

ত) আদালতসমূহে আসামি ও সাক্ষীদের হাজিরা নিশ্চিতকরণ ও মামলা দ্রুত নিষ্পত্তিতে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ;

থ) উক্ত কমিটির পরামর্শ অনুযায়ী জেলখানা পরিদর্শন কমিটি জেলখানা পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং একই দিনে সিসিসি সভায় এ বিষয়ে প্রয়োজনীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;

দ) সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ এবং রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট- বরাবর প্রেরণ; এবং

ধ) কমিটির বিবেচনায় অন্য যে কোনো বিষয়।

০২। আইন ও বিচার বিভাগের মাধ্যমে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ করত: যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(মো: সাবিরুল ইসলাম)
যুগ্মসচিব
ফোন :৯৫১৪১৪৭
ইমেইল: ds_cj@cabinet.gov.bd

বিতরণ:
**কমিটির সকল সদস্য (. . . . . . . . . . . . . . . . .)।**

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সচিব, জননিরাপত্তা বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/আইন ও বিচার বিভাগ।

৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।

৫। বিভাগীয় কমিশনার . . . . . (সকল)।

৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

৭। অফিস কপি।